

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারী ১৫, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

হাস্তবায়ন অনুবিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা মাঘ ১৪০৪ বাং/১৪ই জানুয়ারী ১৯৯৮ ইং

এস, আর, ও, নং ৬-আইন/৯৮/অম/আবি(বাস্ত)-১/জাঃ বেঃ স্কেল-১/৯৭/১৪—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এস, আর, ও, নং ২৪২-আইন/৯৭ইং/অম/আবি(বাস্ত)-১/জাঃ বেঃ স্কেল-১/৯৭/২১৭, তারিখ ২১ অক্টোবর, ১৯৯৭ ইংরেজী এর মাধ্যমে জারীকৃত চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এ নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত আদেশের অনূচ্ছেদ ৬ এর উপ-অনূচ্ছেদ (৯) এর দফা (গ) এর শেষে দাঁড়ির পরিবর্তে সোমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপন্ন নিম্নরূপ নতুন দফা (ঘ) সংযোজিত হইবে, যথাঃ—

“(ঘ) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ বলবৎ হইবার পূর্বে অর্থাৎ ০১-৭-১৯৯৭ তারিখের পূর্বে পদোন্নতিপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারীর জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে নির্ধারিত বেতন, যদি তিনি পদোন্নতি না পাইতেন, তাহা হইলে নিম্নতর পদের বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইম-স্কেল), সিলেকশন গ্রেড স্কেল, সিনিয়র স্কেল বা ব্যক্তিগত বেতন স্কেল এর ভিত্তিতে তাহার জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে যে বেতন নির্ধারিত হইত তাহা অপেক্ষা কম হয়, তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর বেতন, ০১-৭-১৯৯৭ তারিখে জাতীয় বেতন স্কেল,

(৩৪৫৯)

দ্বারা। টাকা ১.০০

১৯৯৭ তে প্রথমে অব্যবহিত নিম্ন পদের ভিত্তিতে নির্ধারিত হইবে এবং উক্তরূপে নির্ধারিত বেতন যদি পদোন্নতিপ্রাপ্ত পদের সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর কোন ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই তাহার বেতন নির্ধারিত হইবে। যদি সংশ্লিষ্ট জাতীয় বেতন স্কেল ১৯৯৭ তে উহার সমান কোন ধাপ না থাকে, তাহা হইলে উহার পরবর্তী উচ্চতর ধাপে তাহার বেতন নির্ধারিত হইবে। এইরূপ ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেল, যদি নিম্নতর পদের বেতন স্কেলের সমান বা কম হয়, তবে সেইক্ষেত্রে নিম্নপদের বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ অপরিবর্তিত থাকিবে। উক্তরূপ বেতন নির্ধারণে নিম্নপদে নির্ধারিত সিলেকশন স্কেলের সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন কোটা সীমা প্রযোজ্য হইবে না।”

২। এই আদেশ ১-৭-১৯৯৭ ইং তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আকবর আলি খান

সচিব।